নির্বাহী প্রকৌশলী এর দপ্তর
সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭২, গ্রীনরোড, ঢাকা।

ফোন ঃ ০২-৯১১৮৭৩৫
ই-মেইল ঃ swpb.bwdb@gmail.com
Website ঃ www.bwdb.gov.bd

# " নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি "

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | ঃ | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | এজেন্সী | ঃ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | নিলামে বিক্রয়কারী বিভাগের নাম | ঃ | সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীনরোড, ঢাকা। |
| ৪। | নিলাম বিক্রির অকেজো মালামাল/সরঞ্জামের বিবরন | ঃ | নির্বাহী প্রকৌশলী, সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ দপ্তরের ব্যবহার অনুপযোগী/অকেজো বিভিন্ন মালামাল (আসবাবপত্র/প্ল্যান্ট এন্ড মেশিনারিজ/ ড্রইং এন্ড সাইনন্টিফিক ইন্সট্রুমেন্ট ইত্যাদি)। |
| ৫। | মালামালের অবস্থান | ঃ | নির্বাহী প্রকৌশলী, সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ দপ্তরের দুইটি কক্ষে। |
| ৬। | জেলার নাম | ঃ | ঢাকা। |
| ৭। | নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি স্মারক নং ও তারিখ | ঃ | নিলাম বিজ্ঞপ্তি নং- ১টি-১/৪৭৫, তারিখ ঃ ২০/০৩/২০১৯ খ্রিঃ। |
| ৮। | নিলামে বিক্রয় পদ্ধতি | ঃ | "উন্মুক্ত দরপত্র" (OTM) পদ্ধতি। |
| ৯। | বাজেট | ঃ | - |
| ১০। | নিলামে বিক্রয়ের লটের সংখ্যা | ঃ | ০১ (এক) টি |
| ১১। | নিলাম দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | ঃ | ০১/০৪/২০১৯ (ব্যাংক চলাকালীন পর্যন্ত) |
| ১২। | নিলাম দরপত্র গ্রহণের শেষ তারিখ | ঃ | ০২/০৪/২০১৯ (দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত) |
| ১৩। | নিলাম দরপত্র খোলার তারিখও সময় | ঃ | ০২/০৪/২০১৯ (দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত) |
| ১৪। | ক) নিলাম দরপত্র বিক্রয়ের দপ্তরের নাম ও ঠিকানা | ঃ | জনতা ব্যাংক লিঃ, গ্রীনরোড কর্পোরেট শাখা, ঢাকা। |
| | খ) নিলাম দরপত্র গ্রহনের দপ্তরের নাম ও ঠিকানা | | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ, বাপাউবো, গ্রীনরোড, ঢাকা। |
| | গ) নিলাম দরপত্র খোলার দপ্তরের নাম ও ঠিকানা | | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ, বাপাউবো, গ্রীনরোড, ঢাকা। |
| ১৫। | ক্রেতার যোগ্যতা | ঃ | বাপাউবোর ঠিকাদার/প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠান/ব্যক্তি/উপর্যুক্ত আগ্রহী ক্রেতা। |
| ১৬। | নিলাম দরপত্র সিডিউল মুল্য | ঃ | প্রতি সেট টেন্ডার সিডিউলের বিক্রয় মুল্য টাকা= ১৫০/- (টাকা এক শত পঞ্চাশ) মাত্র (অফেরত যোগ্য)। |
| ১৭। | বায়নার টাকার পরিমান | ঃ | ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দরের ১০০% (একশত ভাগ) হারে শুধুমাত্র ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসেবে হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, গ্রীনরোড, ঢাকা এর অনুকুলে দাখিল করতে হবে। |
| ১৮। | বিশেষ নির্দেশনা (ক) | ঃ | কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে নিলাম বাতিলের পূর্ন ক্ষমতা সংরক্ষন করেন। |
| | (খ) | ঃ | অফিস চলাকালীন সময়ে (সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) সিডিউল ক্রয়ের সাপেক্ষে নিলামে বর্ণিত মালামাল সমূহ পরিদর্শন করতে পারবেন। |

শর্তাবলী ঃ

১। নিলাম দরপত্রের সরঞ্জাম/যন্ত্রাদি(যেখানে যে ভাবে, যে অবস্থায়, যে পরিমানে আছে সেই ভিত্তিতে) তফসিল মোতাবেক দরপত্র দাখিল করতে হবে।

২। দরদাতাকে সিডিউল এ উর্দ্ধত দর অংকে ও কথায় উভয় প্রকারেই পরিস্কার রূপে লিপিবদ্ধ করতে হবে। কোন প্রকার ঘষা মাজা ফ্লুইট অথবা কাটাকাটি থাকিলে যথা স্থানে দরদাতার স্বাক্ষর ব্যতিরেকে তাহা আইনানুগ গ্রহণযোগ্য বিবেচিত হবে না। অপর ক্ষেত্রে উদ্ধৃত দর অংক ও কথায় উভয় প্রকারেই উল্লেখ করতে হবে। বির্তকিত অবস্থায় কথায় লিখিত দর গৃহীত হবে ।

৩। নিলাম দরপত্রে দর দাতাগণকে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর এবং তফসীলের নির্ধারিত স্থানে দরদাতা কর্তৃক তার পূর্ন নাম, যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে এবং দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা প্রদান করতে হবে। অসম্পুর্ন দরপত্র কোনক্রমেই গ্রহনযোগ্য হবে না।

৪। আগ্রহী দরদাতাগণকে তাহাদের উর্দ্ধৃত (দেওয়া মোট মুল্য ) মূল্যের শতকরা ১০০% ভাগ, বাংলাদেশ ব্যাংকের তফসীলভুক্ত যে কোন ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (চেক গ্রহণযোগ্য নয়) আকারে হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, গ্রীনরোড, ঢাকা এর অনুকুলে দাখিল করতে হবে এবং দরদাতা কর্তৃক দরপত্রের যথাস্থানে টাকার পরিমান, ব্যাংক ড্রাফট নং, তারিখ ও ব্যাংকের শাখার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে ঘোষিত হবে।

৫। আগ্রহী দরদাতাগণ নিলামের মালামাল সমূহ দরপত্র দাখিলের পূর্বেই অর্থাৎ ০১-০৪-২০১৯ইং তারিখ পর্যন্ত পরিদর্শন /আলোচনা বা কোন কিছু জানার প্রয়োজন হইলে ক্রয়কৃত সিডিউল দেখিয়ে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরাধীন দুইটি কক্ষে রক্ষিত মালামাল গুলি পরিদর্শন করতে পারবেন। দরপত্র দাখিলের পর মালামাল সমূহের পরিমাণ ও গুণগত মান সম্পর্কে কোন প্রকার ওজর আপত্তি চলবে না।

৬। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ ইস্যুর পরে ৭ (সাত) দিনের মধ্যে উদ্ধৃত মোট মূল্যের (নিলাম ডাকের) উপর সরকার নির্ধারিত হার, ফরম ও কোডে আয়কর (৫%) এবং ভ্যাট (৫%) ট্রেজারী চালানের মাধ্যমে জমা করিয়া নিম্ন স্বাক্ষর কারীর দপ্তরে চালানের মূলকপি জমা দিতে হবে। উক্ত চালান জমা না হওয়া পর্যন্ত নিলামকৃত মালামাল ডেলিভারী দেয়া হবে না ।

৭। নির্ধারিত সময়ের মধ্যে আয়কর এবং ভ্যাট জমা দিতে ব্যর্থ হলে দরপত্রের সাথে দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট বাজেয়াপ্ত করা হবে এবং কার্যাদেশ বাতিল করা হবে এবং পরবর্তী মূল্যায়িত সর্বোচ্চ দর দাতাকে কার্যাদেশের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। সর্বোচ্চ দরদাতা কর্তৃক কার্যাদেশে প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে স্বীয় খরচে বিজ্ঞপ্তিতে বর্ণিত কার্যাদেশ প্রাপ্ত মালামাল সরিয় নিতে বাধ্য থাকিবেন। ইহাতে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ কোন দায় দায়িত্ব বহন করবে না।

৯। অকৃতকার্য দরদাতা/দরদাতাগনের অগ্রিম বায়না/জামানতের টাকা নিলাম দরপত্র প্রক্রিয়া চূড়ান্ত অনুমোদন পাওয়ার পর ফেরত দেয়া হবে।

১০। দরদাতা গণের দেওয়া দরমূল্য একই হইলে এবং উহা গ্রহণযোগ্য হইলে কর্তৃপক্ষ লটারীর মাধ্যমে কৃতকার্য দরদাতা নির্বাচন করতে পারবেন।

১১। দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত সর্বোচ্চ বা যে কোন দরমূল্য গ্রহণ করা বা না করা দরপত্র মূল্যায়ন কমিটির এখতিয়ারধীন। এই জন্য দরপত্র মুল্যায়ন কমিটি কাহারো নিকট কোন কারণ দর্শাইতে বাধ্য নহে।

১২। অত্র নিলাম দরপত্র বিজ্ঞপ্তি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রচলিত বিধি মোতাবেক পরিচালিত হবে।

১৩। নিলাম দরপত্র স্বাক্ষরকারীর দপ্তরে খোলার সময় দরদাতা নিজে অথবা তার মনোনিত প্রতিনিধি উপস্থিত থাকবেন। কোন অভিযোগ থাকলে দরপত্র খোলার ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে তার নাম, পূর্ণ ঠিকানা, টেলিফোন নম্বর উল্লেখসহ প্রতিষ্ঠানের প্যাডে অভিযোগ নামা দাখিল করবেন।

২০/৩/১৯

(বি, এম, আব্দুল মোমিন)
নির্বাহী প্রকৌশলী
পরিচিতি নম্বর-৭৭১২২৯০০১
সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ
swpb.bwdb@gmail.com

স্মারক নং-১টি-১/৪৭৫/১(২০) তারিখ ঃ ২০/০৩/২০১৯ ইং

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলো ঃ (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।

৩। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপউবো, ঢাকা।

৪। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৫। ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, গ্রীনরোড কর্পোরেট শাখা, ঢাকা । এতদসঙ্গে ০৫ (পাঁচ) সেট দরপত্র সিডিউল সংযুক্ত করা হলো। প্রতি সেট নগদ মুল্য ১৫০/- (এক শত পঞ্চাশ) টাকা মাত্র (অফেরতযোগ্য) আগ্রহী ক্রেতার নিকট আগামী ০১/০৪/২০১৯ খ্রিঃ (ব্যাংক চলাকালীন পর্যন্ত) সময়ের মধ্যে বিক্রয়ের ব্যবস্থা করা এবং বিক্রয়লব্ধ টাকা হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, গ্রীনরোড, ঢাকা এর এস,টি,ডি, হিসাব নং- ০১০০০২০৯৬৯৫০৯, জনতা ব্যাংক লিঃ, গ্রীনরোড কর্পোরেট শাখা, ঢাকা এ জমা করণ এবং অবিক্রিত নিলাম দরপত্র সিডিউল অত্র দপ্তরে ফেরৎ পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

৬-৮। নির্বাহী প্রকৌশলী, সি এন্ড আই/ উত্তর-পূর্বাঞ্চলীয় পরিমাপ বিভাগ/ম্যাপিং সেল (বিভাগ), বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা (আপনার দপ্তরের নোটিশ বোর্ডে নিলাম বিজ্ঞপ্তিটি প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)।

৯। সিষ্টেম এনালিষ্ট, সেন্ট্রাল আই সি টি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১০। সহকারী প্রকৌশলী, সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ, বাপাউবো, গ্রীনরোড, ঢাকা।

১১। হিসাব রক্ষণ অফিসার, র‍্যাক প্রধান, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ৭২, গ্রীনরোড, ঢাকা।

১২। মেসার্স/জনাব--------------------------------------------------------------------------।

১৩। টেন্ডার ওপেনিং/মূল্যায়ন কমিটির সভাপতি/সদস্য সচিব/সদস্য, জনাব-----------------------------------------------------------------------
------------------------------------------------------------------------------।

১৪। নোটিশ বোর্ড স্থানীয়।

১৫। দপ্তর নথি।

২০/৩/১৯

নির্বাহী প্রকৌশলী
সারফেস ওয়াটার প্রসেসিং ব্রাঞ্চ
বাপাউবো, গ্রীনরোড, ঢাকা।